বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৬৮৬৮- জে, তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জেলা ও দায়রা জজ আদালত, নেত্রকোণা-এ কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ মানিক মিয়া-এর মস্তিষ্কে স্ট্রোকজনিত জটিল রোগের চিকিৎসার ব্যয় নির্বাহের নিমিত্ত আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

সূত্র : জেলা ও দায়রা জজের কার্যালয়, নেত্রকোণা-এর গত ০১.০৭.২০২৬ খ্রি তারিখের ২০৯/জে.সি.এন নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ মানিক মিয়া বর্তমানে অফিস সহায়ক পদে সিভিল জজ আদালত, আটপাড়া, নেত্রকোণা-এ কর্মরত আছেন। তিনি গত ১৩/০৭/১৯৯৯ তারিখে বিচার বিভাগে যোগদান করে অদ্যাবধি প্রায় ২৭ (সাতাশ) বছর যাবৎ সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। সম্প্রতি তিনি Cerebral Ischemic Infarction (Ischemic Stroke)-এ আক্রান্ত হন। গত ০২/০৪/২০২৬ তারিখে সম্পন্ন CT Scan of Brain-এ মস্তিষ্কের একাধিক স্থানে ইস্কেমিক ইনফার্কশনের (স্ট্রোকজনিত ক্ষতি) প্রমাণ পাওয়া যায়। পরবর্তীতে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী তিনি নিয়মিত চিকিৎসাধীন রয়েছেন। সুস্থ থাকার জন্য তাকে প্রতিদিন প্রায় ৯০০/- (নয়শত) টাকার ওষুধ সেবন করতে হয়। এছাড়াও নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা, চিকিৎসকের ফলো-আপ এবং অন্যান্য চিকিৎসা ব্যয় বহন করতে হচ্ছে। চিকিৎসা বাবদ ইতোমধ্যে প্রায় ৪,০০,০০০/-(চার লক্ষ) টাকা ব্যয় হয়েছে। বর্তমানে তার মাসিক বেতন ২০,৭৭০/- (বিশ হাজার সাতশত সত্তর) টাকা মাত্র। এ সীমিত আয়ে পরিবারের নিত্যপ্রয়োজনীয় ব্যয় নির্বাহের পাশাপাশি চিকিৎসার বিপুল ব্যয় বহন করা অত্যন্ত দুরূহ হয়ে পড়েছে। তার তিনজন পুত্র সন্তান ও একজন কন্যা সন্তান বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত। তাদের লেখাপড়ার ব্যয়, সংসারের দৈনন্দিন খরচ এবং তার চিকিৎসা ব্যয় একসঙ্গে বহন করা তার পক্ষে প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। তিনি ও তার পরিবার বর্তমানে চরম আর্থিক সংকটের মধ্যে মানবেতর জীবনযাপন করছে বিধায় তার দীর্ঘদিনের নিষ্ঠাপূর্ণ চাকরি, বর্তমান শারীরিক অবস্থা এবং অসহায় আর্থিক পরিস্থিতি মানবিক দৃষ্টিকোণ থেকে সদয় বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট তার চিকিৎসার জন্য স্বেচ্ছায় আর্থিক সহযোগিতা প্রদানের জন্য প্রার্থনা জানিয়েছেন।

২। এমতাবস্থায়, জেলা ও দায়রা জজ আদালত, নেত্রকোণা-এ কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ মানিক মিয়া-এর মস্তিষ্কে স্ট্রোকজনিত জটিল রোগে আক্রান্ত হওয়ায় তাঁর ব্যয়বহুল সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনটি বাংলাদেশের প্রতিটি অধস্তন আদালতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্‌উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) ফর্দ।

স্বারিত
(মুহাম্মদ শরিফুর রহমান)
রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

**সাহায্য পাঠানোর ঠিকানা:**
জনাব মোঃ মানিক মিয়া
সঞ্চয়ী হিসাব নং-০৮৩৬০১০০০৯৮৭১
রাউটিং নম্বর:-১৮৫৭২০৭৩৯
রূপালী ব্যাংক পিএলসি,
নেত্রকোণা শাখা, নেত্রকোণা
মোবাইল নম্বর:-০১৭৬২-২১৯৭৫২(বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/২০১৭(অংশ-১)- ৬৮৬৮- জে, তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,----------------------------------------------------(সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------(সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, ------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, --------------------(সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,------- ----------(সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,---------- ------------------ --------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, --------------- ---------(সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। বিচারক (জেলা জজ), শিশু সহিংসতা দমন ট্রাইব্যুনাল.........................(সকল)।
১১। বিচারক (জেলা জজ), পারিবারিক আপিল আদালত...................................(সকল)।
১২। বিচারক (জেলা জজ), ল্যান্ড সার্ভে আপিল ট্রাইব্যুনাল...............................(সকল)।
১৩। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,-----------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের

১৪। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১৫। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, ------------------------------------------------- (সকল)।
১৬। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------------------------------------- (সকল)।
১৭। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ............................(সকল)।
১৮। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, ........................................................ (সকল)।
১৯। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা ।
২০। সদস্য (অতিরিক্ত জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,............... (সকল)।
২১। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা ।
২২। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২৩। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২৪। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২৫। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৬। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা ।
২৭। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা ।
২৮। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৯। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩০। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
৩১। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩২। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন অধিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩৩। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৪। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৫। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৬। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৭। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৮। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৯। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৪০। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------------(সকল)।
৪১। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,----------------------------------------------------------(সকল)।
৪২। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪৩। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪৪। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল......................(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪৫। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৬। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৭। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৮। রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫০। অফিস কপি।

23.07.26
(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার(বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- ২৬৩৭৭ তারিখ- 07 JUL 2026

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজের কার্যালয়
নেত্রকোণা।

স্মারক নং- ২০৭১ / জে.সি.এন

তারিখঃ ১৭ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
০১ জুলাই ২০২৬ খ্রিঃ

প্রেরক ঃ সিনিয়র জেলা জজ
নেত্রকোণা।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীমকোর্ট
ঢাকা।

15 JUL 2026

বিষয় ঃ মস্তিষ্কে স্ট্রোকজনিত জটিল রোগের চিকিৎসার জন্য দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতার জন্য আবেদনপত্র প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ সিভিল জজ আদালত আটপাড়া, নেত্রকোণা এর ৩০/০৬/২০২৬ খ্রিঃ তারিখের ৬১/সিভিঃ জজ আটপাড়ানং স্মারক।

মহোদয়

যথাযথ সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, উর্পযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সিভিল জজ আদালত, আটপাড়া, নেত্রকোণায় কর্মরত অফিস সহায়ক জনাব মোঃ মানিক মিয়া এর মস্তিষ্কে স্ট্রোকজনিত জটিল রোগের চিকিৎসার জন্য দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতার আবেদনপত্র মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্রসহ প্রেরণ করা হল।

আপনার একান্ত অনুগত

০১/০৭/২০২৬ খ্রিঃ
(মোছাঃ মরিয়ম-মুন-মুন্জুরী)
সিনিয়র জেলা জজ
নেত্রকোণা।
গ্রেডেশন নং- ১৮৪
সার্ভিস আইডি- ২০০৬২০১০৩২

সংযুক্ত ঃ
১। আবেদনপত্র ও সংযুক্ত কাগজ- ০১ সেট।

বরাবর

মাননীয় রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট,
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

মাধ্যম: ১। জেলা ও দায়রা জজ, নেত্রকোণা।
২। সিভিল জজ, আটপাড়া, নেত্রকোণা।

**বিষয়: <u>মস্তিষ্কে স্ট্রোকজনিত জটিল রোগের চিকিৎসার জন্য দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতার আবেদন।</u>**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ মানিক মিয়া বর্তমানে অফিস সহায়ক, সিভিল জজ আদালত, আটপাড়া, নেত্রকোণা-এ কর্মরত আছি। আমি ১৩/০৭/১৯৯৯ তারিখে বিচার বিভাগে যোগদান করে অদ্যাবধি প্রায় ২৭ (সাতাশ) বছর যাবৎ সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করে আসছি।

অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, সম্প্রতি আমি Cerebral Ischemic Infarction (Ischemic Stroke)-এ আক্রান্ত হই। ০২/০৪/২০২৬ তারিখে সম্পন্ন CT Scan of Brain-এ মস্তিষ্কের একাধিক স্থানে ইস্কেমিক ইনফার্কশনের (স্ট্রোকজনিত ক্ষতি) প্রমাণ পাওয়া যায়। পরবর্তীতে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী আমি নিয়মিত চিকিৎসাধীন রয়েছি। সুস্থ থাকার জন্য আমাকে প্রতিদিন প্রায় ৯০০/- (নয়শত) টাকার ওষুধ সেবন করতে হয়। এছাড়াও নিয়মিত পরীক্ষা-নিরীক্ষা, চিকিৎসকের ফলো-আপ এবং অন্যান্য চিকিৎসা ব্যয় বহন করতে হচ্ছে।

চিকিৎসা বাবদ ইতোমধ্যে প্রায় ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ব্যয় হয়েছে। বর্তমানে আমার মাসিক বেতন ২০,৭৭০/- (বিশ হাজার সাতশত সত্তর) টাকা মাত্র। এই সীমিত আয়ে পরিবারের নিত্যপ্রয়োজনীয় ব্যয় নির্বাহের পাশাপাশি চিকিৎসার বিপুল ব্যয় বহন করা অত্যন্ত দুরূহ হয়ে পড়েছে।

আমার তিনজন পুত্র সন্তান ও একজন কন্যা সন্তান বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত। তাদের লেখাপড়ার ব্যয়, সংসারের দৈনন্দিন খরচ এবং আমার চিকিৎসা ব্যয় একসঙ্গে বহন করা আমার পক্ষে প্রায় অসম্ভব হয়ে দাঁড়িয়েছে। ফলে আমি ও আমার পরিবার বর্তমানে চরম আর্থিক সংকটের মধ্যে মানবেতর জীবনযাপন করছি।

এমতাবস্থায়, আমার দীর্ঘদিনের নিষ্ঠাপূর্ণ চাকরি, বর্তমান শারীরিক অবস্থা এবং অসহায় আর্থিক পরিস্থিতি মানবিক দৃষ্টিকোণ থেকে সদয় বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আমার চিকিৎসার জন্য স্বেচ্ছায় আর্থিক সহযোগিতা প্রদানের আবেদন জানিয়ে প্রয়োজনীয় পত্র জারির ব্যবস্থা গ্রহণের জন্য আপনার সদয় মর্জি কামনা করছি। বিচার বিভাগের সহকর্মীদের আন্তরিক সহযোগিতা পেলে আমার প্রয়োজনীয় চিকিৎসা অব্যাহত রাখা এবং সুস্থ হয়ে পুনরায় দায়িত্ব পালনে সক্ষম হওয়া সম্ভব হবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

অতএব, আমার আবেদনটি সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেশের সকল আদালতের কর্মকর্তা-কর্মচারীদের নিকট আর্থিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাধিত করবেন।

বিনীত নিবেদক,
মোঃ মানিক মিয়া

তারিখ:

**(মোঃ মানিক মিয়া)**
অফিস সহায়ক
সিভিল জজ আদালত, আটপাড়া, নেত্রকোণা।
মোবাইল: ০১৭৬২-২১৯৭৫২

সংযুক্তি
১। CT Scan of Brain রিপোর্ট।
২। প্রয়োজনীয় প্রেসক্রিপশন ও অন্যান্য মেডিকেল রিপোর্ট।
৪। চিকিৎসা ব্যয়ের বিল ও ভাউচার।

**সহযোগিতা প্রেরণের জন্য**
হিসাবধারীর নাম: মোঃ মানিক মিয়া, ব্যাংক: রূপালী ব্যাংক লিমিটেড, শাখা: নেত্রকোণা
হিসাব নম্বর: ০৮৩৬০১০০০৯৮৭১, রাউটিং নম্বর: ১৮৫৭২০৭৩৯
বিকাশ (পার্সোনাল): ০১৭৬২-২১৯৭৫২